দৈনিক জনকণ্ঠ
36
তারিখ 29 JAN 1996
পৃষ্ঠা ৮ কলাম ৮

বইপত্র

# বাংলা পাণ্ডুলিপি পাঠসমীক্ষা ॥ একটি অনন্য গ্রন্থ

বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ক উচুমানের গবেষণা গ্রন্থের সংখ্যা খুব বেশি নয়। তবু এই দৈন্যের মাঝে বেশ কয়েকজন নিষ্ঠাবান, পরিশ্রমী, মেধাবী গবেষক নিরন্তর কাজ করে চলেছেন। সমৃদ্ধ করে তুলছেন আমাদের গবেষণার ক্ষেত্রটিকে।

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মুহম্মদ শাহজাহান মিয়া ইতোমধ্যে এই গবেষণাকর্মে যে নিষ্ঠা ও মেধার পরিচয় দিয়েছেন, তা বিশেষভাবে উল্লেখের দাবি রাখে। সম্প্রতি তাঁর একটি গবেষণা ও পাঠ্যবই আমাদের হাতে এসেছে– "বাংলা পাণ্ডুলিপি পাঠসমীক্ষা"। বইটি প্রথম প্রকাশিত হয় ১৯৮৪ সালে। প্রকাশের পরপরই শিক্ষার্থী ও গবেষকদের চাহিদার কারণে তা নিঃশেষিত হয়ে যায়। অনেক দিন পর বাংলা একাডেমী এর প্রথম পুনর্মুদ্রণ করল।

প্রাচীন পুথি পাঠের বিজ্ঞানসম্মত পদ্ধতির ব্যাখ্যাসহ এ সংক্রান্ত নানা খুটিনাটি সমস্যা সম্পর্কে এ গ্রন্থে অনুপুঙ্খ আলোচনা স্থান পেয়েছে। প্রাচীন লিপি কিভাবে পাঠ করা উচিত, পাঠে কোন্ কোন ভ্রান্তি থাকতে পারে– সে সম্পর্কে সতর্ক করা হয়েছে, দেয়া হয়েছে যথাযথ নির্দেশ। মোট ৮টি অধ্যায়ে গ্রন্থটি বিন্যস্ত— "রেফ-এর ব্যবহার", "একীভূত শব্দ", "বানানরীতি ও মূলনীতি সঙ্কলন", "সাদৃশ্যগত পরিবর্তন", "বাংলা হরফ 'অনুস্বার'-এর বিবর্তন ধারা", "ব্রিটিশ মিউজিয়ামের একখানি প্রাচীন চুক্তিপত্র ও তার পাঠ", "সাদৃশ্যমূলক প্রতিক্রিয়া" এবং "পাঠোদ্ধার-পদ্ধতি"। গ্রন্থে অন্তর্ভুক্ত প্রত্যেকটি অধ্যায়ে লক্ষ্য করা যাবে গবেষক ডক্টর শাহজাহানের গভীর অনুসন্ধান, নিজস্ব বিশ্লেষণ ও পর্যবেক্ষণের ছাপ। বাংলা লিপি ও পুথি সম্পর্কে যে সব শিক্ষার্থী ও গবেষক আগ্রহী, বইটি তাঁদের অবশ্যপাঠ্য। আমরা এর বহুল প্রচার কামনা করি। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত বইটির দাম ৮৮টাকা।

রফিকুল ইসলাম